

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে গাজীপুর ও বগুড়ার ৫(পাঁচ) টি কারখানাকে ৪৫ লক্ষ ৪৫ হাজার ৮৫৬ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং।

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ৩০/১১/২০২০ তারিখ পরিবেশ অধিদপ্তর, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অস্ত্রে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে (১) ডার্ড কম্পোজিট টেক্সটাইল লিঃ (সম্প্রসারণ ইউনিট) সাটিয়াবাড়ী, শ্রীপুর, গাজীপুর-কে ২৭ লক্ষ ৩ হাজার ৩৬০ টাকা; (২) ইউনিম্যাক্স টেক্সটাইল মিলস লিঃ শফিপুর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-কে ১২ লক্ষ ২৮ হাজার ৮০০ টাকা; (৩) আলফা এগ্রো লিঃ, কাঁচারীপাড়া, রাজেন্দ্রপুর, শ্রীপুর, গাজীপুর-কে ৬৬ হাজার ৮০ টাকা; (৪) কলোসাস এপারেলস লিঃ ইউনিট-২ মোরলখাল, চৌরাস্তা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-কে ৪৭ হাজার ৬১৬ টাকা; এবং (৫) বিসিএল পেপার এন্ড বোর্ড মিলস লিমিটেড সাজাপুর, শাজাহানপুর, বগুড়া-কে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখঃ ৩০/১১/২০২০ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সৈয়দআহম্মদ কবীর)

উপপরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।